গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১০.২০২০-১৮০

তাং- ২৪/৫ ১৪২৮বঙ্গাব্দ।
০৮/৯ ২০২১খ্রিষ্টাব্দ।

অফিস আদেশ

জনাব মোঃ গোলাম মোস্তফা, পিতা- আব্দুল গনি, গাড়ী চালক, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার-কে এ অধিদপ্তরের ১০/১২/২০১৯খ্রিঃ তারিখের ৫১০ নং স্মারকের আদেশে কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকা হতে নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজারে বদলীর আদেশ প্রদান করা হয়। কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকা হতে তাকে ২২/১২/২০১৯খ্রিঃ তারিখ ছাড়পত্র প্রদান করা হয়। তিনি অসুস্থ্যতার কারণে বদলীকৃত কর্মস্থলে যোগদান করতে পারছেন না মর্মে ৩১/১২/২০১৯খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদনে জানান। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার ২২/০১/২০২০খ্রিঃ তারিখের ১০ নং স্মারকে জানা যে, জনাব গোলাম মোস্তফা, গাড়ী চালক কর্তব্য কাজে যোগদান করেননি।

২। যেহেতু তাকে ০৯/০২/২০২০খ্রিঃ তারেখর ৬৪ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়। তিনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন নি।

৩। যেহেত, ১০/০৬/২০২০খ্রিঃ তারিখের ২৩ নং স্মারকে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খরা ও আপীল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়।

৪। যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তার ১৮/০৬/২০২০খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাবে তিনি জানান যে, এ অধিদপ্তরের কৈফিয়ত তলবের পত্র তার হস্তগত হয় নি বিধায় উহার জবাব তিনি প্রদান করতে পারেন নি। বদলীকৃত কর্মস্থলে যোগদান না করার কারণ হিসেবে তার ৭৯ বছরের একমাত্র বৃদ্ধা মাকে দেখাশুনা করার মত তিনি ছাড়া অন্য কেহ নেই মর্মে জানিয়ে তাকে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানপূর্বক তাকে কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকায় পুনর্বহাল করার জন্য আবেদন করেন।

৫। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার ০৭/০৭/২০২০ খ্রিঃ তারিখের ৬৭ নং স্মারকে জানান যে, তিনি ০৪/০৭/২০২০খ্রিঃ তারিখ কর্তব্য কাজে যোগদান করেছেন।

৬। যেহেত, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সরেজমিনে তদন্তের জন্য ০৯/০৭/২০২০খ্রিঃ তারেখর ৬০ নং স্মারকে গঠিত তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন অনুযায়ী তিনি অননুমোদতিভাবে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে দোষী।

৭। যেহেতু, তার বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় তার দাখিলকৃত জবাব মোতাবেক ২০/০৮/২০২০খ্রিঃ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়।

৮। যেহেতু, ব্যক্তিগত শুনানীর সিদ্ধান্ত মোতাবেক ৭৯/০৯/২০২০খ্রিঃ তারেখর ১৩৮ নং স্মারকে তদন্ত বোর্ড গঠন করা হয়। তদন্ত বোর্ডের ১৭/১২/২০২০খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার ২২/১২/২০১৯খ্রিঃ তারিখ হতে ০৩/০৭/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ প্রমাণিত হয়।

৯। যেহেতু, ২৮/০৪/২০২১খ্রি তারিখের ২২৮ নং স্মারকে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। উক্ত ২য় কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে তার ০৫/০৯/২০২১খ্রিঃ তারিখ দাখিলকৃত জবাবে তিনি ক্ষমা প্রার্থনা করেছেন এবং আানীত অভিযোগ হতে অব্যাহতি প্রদানের জন্য আবেন করেছেন।

সেহেতু, এক্ষনে তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীর বক্তব্য এবং মামলা সংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি পর্যালোচনা করে জনাব মোঃ গোলাম মোস্তফা, পিতা-আব্দুল গনি, গাড়ী চালক, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার-কে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে দায়েকৃত বিভাগীয় মামলায় তার উপর নিম্নোক্ত দন্ড প্রদান করা হলো ঃ

১। সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) মোতাবেক জনাব মোঃ গোলাম মোস্তফা, পিতা- আব্দুল গনি, গাড়ী চালক, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার এর ০২(দুই) বৎসরের জন্য ০২(দুই)টি বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধি স্থগিত করা হলো (যা ভবিষ্যতে সমন্বয় যোগ্য নয়)।

স্বা:-
(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd

অঃপৃঃদ্রঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১০.২০২০-৩৮০/১(৮)

তাং- ২৪/৫ ১৪২৮বঙ্গাব্দ।
০৮/৯ ২০২১খ্রিষ্টাব্দ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, কক্সবাজার।
৩। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, কক্সবাজার।
৪। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৫। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭। জনাব মোঃ গোলাম মোস্তফা, পিতা-আব্দুল গনি, গাড়ী চালক, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার।
৮। অফিস কপি।

৮/৯/২১

(মোঃ নাসির উদ্দিন)
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
শৃংখলা শাখা

জরুরি
গোপনীয়

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৮.২১.৩৫৬

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **কারণ দর্শানো নোটিশ।**

সূত্র: জনাব ফাহিমা আক্তার, ছাত্রী, ব্যাচ-১১, নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা এর ১৫/০২/২০২১ খ্রিঃ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব আকবরী খানম, পিতাঃ আলী আকবর খান, নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, কুমিল্লা নার্সিং ইনস্টিটিউট। জনাব ফাহিমা আক্তার ১ম বর্ষের ছাত্রী নোয়াখালী নার্সিং ইনস্টিটিউট হতে কুমিল্লায় নার্সিং ইনস্টিটিউটে বদলি হয়ে আসার পর ভর্তি বাবদ ৭,০০০ (সাত হাজার) টাকা গ্রহণ করেন কিন্তু কোন রশিদ প্রদান করেন নাই। চার মাসের বকেয়া বৃত্তি উত্তোলণ করার সময় ৬,৮০০/= (ছয় হাজার আটশত) টাকার পরিবর্তে ৩,৮০০/= (তিন হাজার আটশত) টাকা দিয়ে সই করতে বাধ্য করেন। ১ বর্ষ থেকে ২য় বর্ষে উত্তীর্ণ হওয়ার জন্য পরিপুরক পরীক্ষা বাবদ ১০,০০০/= (দশ হাজার) টাকা গ্রহণ করেন। এছাড়াও আপনি অনেক সময় বাসায় ডেকে নিয়ে বিভিন্ন ধরনের গৃহস্থালী কাজ করান। আপনার এহেন কর্মকাণ্ড যা সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আচরণ বিধিমালার পরিপন্থি।

২। বর্ণিতাবস্থায়, উল্লেখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির (০৭) কর্ম দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

৭-৯-২০২১
বেগম সিদ্দিকা আক্তার
মহাপরিচালক

জনাব আকবরী খানম পিতাঃ আলী আকবর
খান, ইনস্ট্রাক্টর ইনচার্জ
কুমিল্লা নার্সিং ইনস্টিটিউট, কুমিল্লা

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৮.২১.৩৫৬/১(৭)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
২) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩) পরিচালক, পরিচালক (শিক্ষা) অধিশাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
৪) সিভিল সার্জন, কুমিল্লা।

৫) জেলা পাবলিক হেলথ নার্স, কুমিল্লা।
৬) উপপরিচালক( পিএমাইএস শাখা,নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা , (এ আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)।
৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী , নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৭-৯-২০২১
মো: নাসির উদ্দিন
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
শৃংখলা শাখা

জরুরি
গোপনীয়

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৯.২১.৩৫৯

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **ব্যক্তিগত শুনানী প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনাব মোঃ হারুন অর রশিদ খন্দকার, পিতাঃ মোঃ আব্দুল হাকিম খন্দকার, সিনিয়র স্টাফ নার্স, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা (সাবেক কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তিনি অভিযোগনামার জবাব প্রদান করেন। তার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ গুরুত্বের সাথে পর্যালোচনা করা হয়েছে। তার জবাব বিবেচনায় কর্তৃপক্ষ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। বর্ণিত অভিযোগের বিষয়ে জনাব মোঃ হারুন অর রশিদ খন্দকার, পিতাঃ মোঃ আব্দুল হাকিম খন্দকার, সিনিয়র স্টাফ নার্স, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা (সাবেক কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার শুনানী আগামী ১৫/০৯/২০২১খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২ বরাবর শুনানী প্রদানের নিমিত্তে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৭-৯-২০২১
বেগম সিদ্দিকা আক্তার
মহাপরিচালক
ফোন: ৪১০৮০৮২০
ইমেইল: dg@dgnm.gov.bd

জনাব মোঃ হারুন অর রশিদ খন্দকার, পিতাঃ মোঃ আব্দুল হাকিম খন্দকার ,
সিনিয়র স্টাফ নার্স, কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা (সাবেক কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা)

স্মারক নম্বর: ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৯.২১.৩৫৯/১

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮
০৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
২) যুগ্মসচিব, নার্সিং সেবা অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) পরিচালক , কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৪) সিভিল সার্জন, কুমিল্লা।
৫) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ব্রাম্মনপাড়া, কুমিল্লা।
৬) সেবা তত্ত্বাবধায়ক , কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
৭) উপপরিচালক পি.এম আই.এস নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর ঢাকা

৮) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

৭-৯-২০২১
মো: নাসির উদ্দিন
পরিচালক